বাগেরহাট সরকারী পিসি কলেজে বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকী পালিত

বাগেরহাট সরকারী পিসি কলেজের আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে র্যালী, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পামাল্য অর্পণের পর একটি র্যালী বের হয়ে কলেজ ক্যাম্পাস প্রদক্ষিন হলরুমের সামনে গিয়ে শেষ হয়।

পরে কলেজের হলরুমে আলোচনা সভায় দিবস উদ্যাপন কমিটির আহব্বায়ক প্রফেসর নীতিশ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: সাখিলুর রহমান।

ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক সাইফুর রহমান ফারুকীর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, শিক্ষক কর্মকর্তা পরিষদের সম্পাদক মো:শাহ আলম ফরাজী, উপধ্যাক্ষ প্রফেসর সেখ মোস্তাহিদুল আলম, ছাত্র সংসদের ভি.পি. ইয়াছির আরাফাত নোমানসহ ছাত্রলীগ নেতৃবৃন্দ।

বক্তারা, ১৫ আগস্টে নিহত সকল শহীদদেরকে গভীর শ্রদ্ধার সাথে স্বরণ করে বলেন, বঙ্গবন্ধু মানে বাংলাদেশ, বাংলাদেশ মানে বঙ্গবন্ধু । বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না।
পরে বঙ্গবন্ধুর জীবনীর উপর রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।